Logo

প্রিন্ট: ১৯ নভেম্বর ২০২৪, ০২:৩২ পিএম

শিক্ষাঙ্গন

কোটা আন্দোলনের নেপথ্য নায়কদের মূল্যায়ন করা রাষ্ট্রের দায়িত্ব: ববির প্রো-ভিসি

🥏 Icon যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৯ নভেম্বর ২০২৪, ০৮:০৫ এএম

🌅কোটা আন্দোলনের নেপথ্য নায়কদের মূল্যায়ন করা রাষ্ট্রের দায়িত্ব: ববির প্রো-ভিসি

কোটা আন্দোলনের নেপথ্য নায়কদের মূল্যায়ন করা রাষ্ট্রের দায়িত্ব বলে মন্তব্য করেছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের সদ্য নিয়োগপ্রাপ্ত প্রো-ভিসি অধ্যাপক ড. গোলাম রব্বানী। তিনি বলেন, ফ্যাসিস্ট হাসিনা সরকারের পতন নিশ্চিত করতে সংগঠিত হয়েছিল ছাত্র-জনতার জুলাই বিপ্লব।

২০১৮ সালে কোটা সংস্কারের দাবিতে হাইকোর্টে রিটকারী ও ঢাবির সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সাবেক দুই শিক্ষার্থী সাংবাদিক মোহাম্মদ আবদুল অদুদ ও আনিসুর রহমান মীর শনিবার (১৬ নভেম্বর) সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে প্রো-ভিসি নিয়োগ পাওয়ায় ড. গোলাম রব্বানীকে ফুলেল শুভেচ্ছা জানাতে গেলে তিনি এসব কথা বলেন। ড. রব্বানী বলেন, স্বৈরাচারী শেখ হাসিনা ও তার দোসররা পর্বতসম দুর্নীতি, লুটপাট, গুম, খুন, বিচারবহির্ভূত হত্যায় দেশে ত্রাসের রাজত্ব কায়েম করে। বিএনপি-জামায়াতসহ বিরোধীদলীয় নেতাকর্মীদের দমনপীড়ন, জেল-জুলুম-হুলিয়া, জনগণের ভোটাধিকার হরণ তথা গণতন্ত্রকে নির্বাসিত করেছে। এ ছাড়া ঠুনকো কারণে অনেককে চাকরিচ্যুত করা ও কোটা সংস্কার নিয়ে ছাত্রসমাজের সঙ্গে তুচ্ছ-তাচ্ছিল্য করায় জুলাই বিপ্লব সংগঠিত হয়।

ড. রব্বানী আরও বলেন, গণঅভ্যুত্থানে দেশি-বিদেশি বেশকিছু গণমাধ্যমের অগ্রণী ভূমিকা বিপ্লবকে ত্বরান্বিত করেছে।

বিসিএস বঞ্চিত হয়ে কোটা সংস্কার রিটকারী, কোটা সংস্কারের পক্ষে সেই সময়ে শতাধিক রিপোর্টকারী মোহাম্মদ আবদুল অদুদ ড. গোলাম রব্বানীকে অভিনন্দন জানিয়ে বলেন, আপনাদের মতো শিক্ষকদের উৎসাহ-অনুপ্রেরণার কারণে আমরা সময়ের সাহসী উদ্যোগটি নিয়েছিলাম। দেশের জনগণ যে পরিবর্তন চেয়েছিল, সেই কাঙ্ক্ষিত পরিবর্তনের পথে দেশ এগিয়ে যাক, এটাই আমাদের প্রত্যাশা।

এ সময় ঢাবির সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক অধ্যাপক ড. হাফিজ উদ্দিন ভূইয়া উপস্থিত ছিলেন।